

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি মাধ্যমিক-৩ শাখা  
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৯২.১৫.০০৩.২১. ২০৮৮

তারিখ : ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**অফিস আদেশ**

চান্দিনা মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, চান্দিনা, কুমিল্লা গত ১৩.০৯.২০১৮ তারিখে সরকারিকরণের প্রেক্ষিতে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত ০৪ (চার) জন কর্মচারীকে 'জাতীয়করণকৃত উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও অশিক্ষক কর্মচারী (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর)/কলেজ শিক্ষক আত্তীকরণ বিধিমালা-১৯৮৩' (অধিকতর সংশোধনী-১৯৯৪ ও ১৯৯৫) অনুযায়ী প্রতিষ্ঠান সরকারিকরণের তারিখ হতে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক প্রদানপূর্বক চান্দিনা সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়-এ নিম্নোক্ত শর্তে পদায়ন করা হলোঃ

ক্র. নং	নাম ও জন্ম তারিখ	পদবি	বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫)
<b>সাধারণ শাখা</b>			
০১	মো: রোহমত আলী ০১/০১/১৯৬৭	অফিস সহায়ক	৮২৫০-২০০১০ গ্রেড-২০
০২	মো: মোকতুল হোসেন ০১/০১/১৯৭৫	নিরাপত্তা প্রহরী	৮২৫০-২০০১০ গ্রেড-২০
<b>ভোকেশনাল শাখা</b>			
০৩	আবু নোমান মোঃ ছালেহ ৩১/১২/১৯৭১	ল্যাব এ্যাসিস্টেন্ট	৮২৫০-২০০১০ গ্রেড-২০
০৪	জহিরুল ইসলাম ভূইয়া ৩১/১০/১৯৮৫	ল্যাব এ্যাসিস্টেন্ট	৮২৫০-২০০১০ গ্রেড-২০

**শর্তসমূহ:**

- (ক) সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে হবে;
- (খ) প্রচলিত বিধি-বিধান অনুযায়ী চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে;
- (গ) প্রচলিত বিধি মোতাবেক তাদের জ্যেষ্ঠতা ও বেসরকারি আমলে কর্মরত চাকরিকাল গণনা করা হবে;
- (ঘ) যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অজ্ঞীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ঙ) আদেশ জারির তারিখ হতে সংশ্লিষ্ট কর্মচারীগণের Monthly Payment Order (MPO) বাতিল বলে গণ্য হবে এবং সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবেন;
- (চ) এ শিক্ষা প্রতিষ্ঠানের আত্তীকৃত কোন কর্মচারী অন্য কোন প্রতিষ্ঠানে বদলি হতে পারবে না;
- (ছ) প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি/আদেশ প্রযোজ্য হবে;
- (জ) সরকার কর্তৃক প্রণীতব্য/প্রণীত বিধি ও বিধান দ্বারা তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (ঝ) যে কোন প্রকার করণিক ভুল উপযুক্ত প্রমাণ সাপেক্ষে সংশোধনযোগ্য।

০২। বর্ণিত কর্মচারীর স্বাস্থ্য পরীক্ষা ও প্রাক-চরিত্র সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষের সন্তোষজনক রিপোর্ট এর ভিত্তিতে (প্রযোজ্য ক্ষেত্রে) পরবর্তীতে তাদের চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(মোসা: রোকেয়া পারভীন)

উপসচিব

ফোনঃ ৫৫১০০৩৩৭

ই-মেইল: [govt.sec3@moedu.gov.bd](mailto:govt.sec3@moedu.gov.bd)

নম্বর: ৩৭.০০.০০০০.০৯২.১৫.০০৩.২১. ২০৮৮

তারিখ : ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ০৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০৬। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
- ০৭। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ০৮। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (এডহক নিয়োগ আদেশ জারির তারিখ হতে এম.পি.ও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৯। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। পুলিশ সুপার, কুমিল্লা (প্রয়োজনীয় পুলিশ তদন্ত সাপেক্ষে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১৪। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেট সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ১৫। সিভিল সার্জন, কুমিল্লা (প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা করে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।
- ১৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানপল্টন, ঢাকা।
- ১৮। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
- ২০। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
- ২১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চান্দিনা, কুমিল্লা।
- ২২। প্রধান শিক্ষক, চান্দিনা সরকারি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়, চান্দিনা, কুমিল্লা।
- ২৩। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ২৪। জনাব .....